

সবার জন্য কৃষি তথ্য সেবা

## ‘কৃষি যোগাযোগ ও তথ্য সেবা কেন্দ্র’

‘কৃষি যোগাযোগ ও তথ্য সেবা কেন্দ্র’ কৃষি তথ্য সার্ভিস কর্তৃক পরিচালিত কৃষি বিষয়ক তথ্য প্রদানের একটি ওয়ান স্টপ সেবা কেন্দ্র। সব শ্রেণির কৃষি তথ্য সেবা প্রত্যাশীগণ এ কেন্দ্র হতে কৃষি মন্ত্রণালয় ও এর অধীন দপ্তর/সংস্থার টেলিফোন নম্বর, ওয়েব ও ই-মেইল এড্রেস তাৎক্ষণিকভাবে ব্যবহার করে দেশব্যাপী সরাসরি সংশ্লিষ্ট কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করতে পারবেন। কৃষি সংশ্লিষ্ট যাবতীয় তথ্যাবলি প্রাপ্তির ক্ষেত্রে এ কেন্দ্রটি হতে বিভিন্ন দপ্তর/সংস্থার সঙ্গে বিনামূল্যে ফোন কলসহ বিভিন্ন ধরনের প্রকাশনাগুলো সংগ্রহ করার সুযোগ রয়েছে।

মাননীয় কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক এমপি মহোদয় ২২ আগস্ট ২০১৯ কৃষি যোগাযোগ ও তথ্য সেবা কেন্দ্রটির শুভ উদ্বোধন করেন। উদ্বোধনের পর থেকে কেন্দ্রটি হতে তথ্য সেবা গ্রহণকারীদের জন্য অফিস চলাকালীন সার্বক্ষণিক সেবা প্রদান অব্যাহত রয়েছে।

কৃষি সেবা প্রত্যাশীদের প্রয়োজনীয় তথ্য সেবা প্রদানের মাধ্যমে ‘কৃষি যোগাযোগ ও তথ্য সেবা কেন্দ্র’টি কৃষি তথ্য ও প্রযুক্তির স্বাচ্ছন্দ্যে ব্যবহার ও টেকসই কৃষির উন্নয়নে কার্যকরী অবদান রাখবে।

সেবা কেন্দ্রটির ঠিকানা : কৃষি যোগাযোগ ও তথ্য সেবা কেন্দ্র, নিচতলা (মধ্য ভবন), কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।  
ফোন : ৯১১৬৭৬৮

প্রচারে



কৃষি তথ্য সার্ভিস  
www.ais.gov.bd



কৃষি মন্ত্রণালয়  
www.moa.gov.bd